সংবাদ ২১.০৩.১৭

### গ্রামে ঘর তৈরিতেও ছাড়পত্র লাগবে

# নগর ও অঞ্চল পরিকল্পনা আইন মন্ত্রিসভায় অনুমোদন

**নিজস্ব বার্তা পরিবেশক**

গ্রামে ঘর তৈরিসহ দেশের যে কোনো এলাকায় ভূমি উন্নয়নের কাজে ব্যবহার করতে সরকারের নির্দিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন (ছাড়পত্র) লাগবে- এমন বিধান যুক্ত করে 'নগর ও অঞ্চল পরিকল্পনা আইন ২০১৭' এর খসড়ার নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। এই আইন লঙ্ঘন করলে সর্বোচ্চ পাঁচ বছরের জেল ও ৫০ লাখ টাকা জরিমানা করার বিধান রাখা হয়েছে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এই আইনের খসড়ায় অনুমোদন দেয়া হয় বলে সভা শেষে সাংবাদিকদের এ তথ্য জানান মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম।

সারাদেশে ভূমি ব্যবহারে শৃঙ্খলা আনার জন্যই এ আইন করা হচ্ছে জানিয়ে মন্ত্রিপরিষদ সচিব বলেন, 'এটি অনেক দিনের প্রত্যাশিত আইন।'

গ্রামের বাড়িতে ঘরবাড়ি নির্মাণ করতে অনুমোদন লাগবে কি না- এমন প্রশ্নের জবাবে মন্ত্রিপরিষদ সচিব বলেন, 'লাগবে। এখনও ইউনিয়ন পরিষদসহ সংশ্লিষ্টদের অনুমোদন নেয়ার কথা। কিন্তু নেয়া হয় না। নগর উন্নয়ন কর্তৃপক্ষগুলো তাদের এখতিয়ারভুক্ত এলাকাগুলোতে নিজেরাই অনুমোদন দেবে। পৌরসভা ও স্থানীয় পরিষদ নিজেদের গৃহীত পরিকল্পনা অনুযায়ী উন্নয়ন কর্মকাণ্ড সম্পাদন করবে। ইতোপূর্বে তারা যেসব কাজ করছে তা এই আইনের মধ্যে গণ্য হবে।'

তিনি আরও বলেন, এই আইনের অধীনে গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রীর নেতৃত্বে ২৭ সদস্যের একটি উপদেষ্টা পরিষদ থাকবে। এই পরিষদ **অনুমোদন : পৃষ্ঠা : ২ ক : ৩**